রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**সোমবার, ডিসেম্বর ২১, ২০১৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

**স্থানীয় সরকার বিভাগ**

**(সিটি কর্পোরেশন-২ শাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০১ অগ্রহায়ণ ১৪২২ বঙ্গাব্দ/১৫ নভেম্বর ২০১৫ খ্রিস্টাব্দ

**নং ৪৬.০০.০০০০.০৭১.২৭.০০৩.১২(অংশ-১)-৬১২**—যেহেতু, আপনি জনাব মোঃ এনায়েত হোসেন, পিতা: মৃত সাত্তার বেপারী, দক্ষিণ লক্ষণ খোলা, ২০৬, বন্দর, নারায়ণগঞ্জ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ২৫নং সাধারণ ওয়ার্ডের নির্বাচিত কাউন্সিলর ; এবং

যেহেতু, আপনার বিরুদ্ধে দায়েরকৃত নারায়ণগঞ্জ জেলার বন্দর থানার ফৌজদারি মামলা নং-১০, তারিখ- ০৫ জানুয়ারি ২০১৫ এর অভিযোগপত্র নং ২৪, তারিখঃ ২২ জানুয়ারি ২০১৫ বিজ্ঞ সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, দ্রুত বিচার আদালত, নারায়ণগঞ্জ কর্তৃক গত ২৯ জানুয়ারি ২০১৫ তারিখে গৃহীত হয়েছে ; এবং

যেহেতু, স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন) এর ধারা ১২ এর উপ-ধারা (১) মোতাবেক সিটি কর্পোরেশনের কাউন্সিলর এর বিরুদ্ধে ফৌজদারি মামলায় অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হলে তাঁকে সাময়িক বরখাস্ত করার বিধান রয়েছে।

সেহেতু, স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন) এর ধারা ১২ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে আপনি মোঃ এনায়েত হোসেন-কে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুর রউফ মিয়া**
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd



**মূল্য ঃ** টাকা ৪.০০